



# বাংলাদেশের ওয়ার্কাস পার্টি

কেন্দ্রীয় কমিটি

৩১/এফ, তোপখানা রোড, ঢাকা-১০০০। ফোন : ৮৮-০২২২৩৩৮৭৯৭৫, ফ্যাক্স : ৮৮-০২২২৩৩৮৪৬৩২

ই-মেইল : [wpartymail@gmail.com](mailto:wpartymail@gmail.com), [www.wpard71.org](http://www.wpard71.org)

৫ সেপ্টেম্বর ২০২৫

## প্রেস বিজ্ঞপ্তি

### গতকাল ৪/৯/২৫ তারিখে গোয়ালন্দে মাজারে কবর থেকে মরদেহ উঠিয়ে পেট্রোল দিয়ে পুড়িয়ে ধর্ম রক্ষার নামে তৌহিদী জনতায় তাণ্ডবের তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ .....ওয়ার্কাস পার্টি

বাংলাদেশের ওয়ার্কাস পার্টি পলিটবুরো এক বিবৃতিতে গতকাল ৪/৯/২৫ তারিখে রাজবাড়ীর গোয়ালন্দে সংঘটিত নুরাল পাগলার মাজার থেকে মরদেহ উঠিয়ে তৌহিদী জনতা সেই মরদেহ পেট্রোল দিয়ে জ্বালিয়ে দিয়ে যে বর্বরতা ও ধর্মরক্ষার নামে তাণ্ডব চালিয়েছে, মাজার ভেঙ্গেছে তা নজীরবিহীন এবং অসভ্যতার চূড়ান্ত। আমরা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি বর্তমান ইউনুস সরকার ক্ষমতায় আসার পর থেকে বিভিন্ন এলাকায় মাজার ভাংচুর, আগুন সন্ত্রাস, মব সন্ত্রাস অব্যহত রয়েছে এই সকল কর্মকাণ্ডের পিছনে তৌহিদী জনতার নামে ধর্মান্ত জংগীবাদীরা যুক্ত রয়েছে। সরকার রাজনৈতিক বিরুদ্ধ মত সহ্য করতে না পেরে ঐ সকল অপশক্তিকে ব্যবহার করছে। মুক্তিযুদ্ধ স্বাধীনতার বিরুদ্ধ শক্তি ধর্মান্ত সন্ত্রাসের পথ বেছে নিয়েছে। মধ্যযুগীয় চিন্তার ঐ অপশক্তিকে ব্যবহার করা হচ্ছে রাষ্ট্রক্ষমতায় টিকে থাকার জন্য। বাংলাদেশের ওয়ার্কাস পার্টি দ্বাৰ্হীনভাবে মনে করে সকল মত পথের গণতান্ত্রিক অধিকারকে কবর দিয়ে যারা মধ্যযুগে ফেরৎ যেতে চাইছে বা ধর্মরাষ্ট্র বানাতে চাইছে তাদের বিরুদ্ধে শ্রমজীবী মেহনতী মানুষের লড়াই অব্যহত থাকবে। ব্যর্থ ইউনুস সরকারের উচিত পদত্যাগ করে চলে যাওয়া। গোয়ালন্দ মাজারের বর্বর কাণ্ডের সংগে যুক্ত জংগীবাদী তৌহিদী গোষ্ঠীর যারা কবর থেকে লাশ তুলে পুড়িয়ে দিয়ে যে সীমাহীন অন্যায় করেছে তাদের দ্রুত বিচারের আওতায় এনে বিচারের দাবী করেন।

বার্তা প্রেরক

(মোস্তুফা আলমগীর রতন)

আহবায়ক, কেন্দ্রীয় মিডিয়া বিভাগ

বাংলাদেশের ওয়ার্কাস পার্টি